**ক. জ.ঃ** চট্টগ্রাম প্রদর্শনীর আহ্বায়ক হিসেবে আপনার কি বিশেষ কিছু বলার আছে?

**মো. জ.ঃ** অবশ্যই। আমি বরাবরই বিশ্বাস করি কমপিউটারের প্রসার একটি আন্দোলন। আমরা সকল প্রদর্শনীর আয়োজনই করি এই লক্ষ্য সামনে রেখে। চট্টগ্রামের প্রদর্শনীকে আমরা সকলে মিলে সফল করতে পারলে এই আন্দোলনে আমরা আরো এক ধাপ এগিয়ে যেতে পারবো। আমি সমিতির পক্ষ থেকে সকলের কাছে এই প্রদর্শনী সফল করার সর্বাত্মক প্রচেষ্টা নেবার আহ্বান জানাই। বিশেষ করে চট্টগ্রামের কমপিউটার অনুরাগীদের কাছে আমি সর্বাত্মক সহযোগিতার অনুরোধ রাখছি। একটি নতুন শতাব্দী আমরা চট্টগ্রামে প্রদর্শনী আয়োজন করার মধ্য দিয়ে শুরু করছি। চট্টগ্রামের অনেক সূচনাই পরিণতিতে সফল হয়েছে, আশা করি আমাদের নতুন শতকও আমাদের জন্য প্রযুক্তির শতক হবে। ✻

## ১২,০০০ ডাটাবেস

(১২ নং পৃষ্ঠার পর)

সামর্থ যাদের নেই, তাদের জন্য আছে এর ডাটাএন্ট্রির কাজ করার সুযোগ। এখন ডাটাবেস হচ্ছে পৃথিবীর সব গ্রন্থনাকে কমপিউটার ও টেলিযোগাযোগের মধ্যে পুনরুপস্থাপনের কাজ। পশ্চিম বঙ্গে জ্যোতিবসু তার সচিবালয়কে সম্পূর্ণরূপে কমপিউটারাইজ করে নিচ্ছেন। তাঁদের সরকারী ডাটাবেস গড়ে উঠবে দিল্লীর সমান্তরালে। কিন্তু স্বাধীন বাংলাদেশের অহংবাদী নেতৃত্ব জাতিকে এক্ষেত্রেও দীনহীন করে দেশে দেশে যাচ্ছেন নগদ সহায়তা ভিক্ষা করতে। এর নাম জাতীয়তাবাদ!

প্রকৌশল, চিকিৎসা, জ্ঞানবিজ্ঞানের প্রতিটি শাখায় ডাটাবেস গড়ছে নানা জাতি। 'India has all the resources best suited for a manpower intensive jobs such as data base production abundant low cost intellectual manpower and entrepreneurial spirit'— ডাটাকোয়েস্ট তার দেশকে এভাবে তুলে ধরছে। তারা দুঃখ করেছে, বিশ্বে বিদ্যমান ৮০০০ বৃহৎ ডাটাবেসের একটিও তৈরী করেনি ভারত। কিন্তু এখন ভারতে অর্ধশত ডাটাবেস গড়ে ওঠার কাজ শুরু হয়েছে।

বাংলাদেশে এ কাজ করার ক্ষমতা আছে চেম্বার, বিশ্ববিদ্যালয়, সরকার, পরিকল্পনা কমিশন, উন্নয়ন গবেষণা সংস্থার! কিন্তু এসব দিকে দিকনির্দেশনা প্রদান, অবকাঠামো তৈরী, সহায়তা এবং প্রাথমিক ঝুঁকি সামলানোর সাহস দিতে হয় রাষ্ট্রকে। উদাসীন ক্ষমতাগুলো বাংলাদেশে ক্ষমতা যাপন করছে। সংকট লালন করছে। একবারও সমস্যা নিরসনে ভবিষ্যৎ পিয়াসী দৃষ্টি নিয়ে দাঁড়াচ্ছেনা। এ দুর্ভাগ্য জনগণের ও দেশের। কিন্তু এ অপরাধ সরাসরি সেই রাজনীতিক ও প্রশাসকদের যারা বার্ষিক ২০ হাজার কোটি টাকা ব্যয়ে সরকার চালিয়েও এ খাতটির জন্য ৫টি কোটি টাকাও ব্যয় করেন না। ✻

বিসিএস শো চট্টগ্রাম উপলক্ষ্যে বিবৃতি

## 'কমপিউটারের শুল্ক কমানো হোক'

\- বিসিএস

চট্টগ্রামে দু'দিন ব্যাপী কমপিউটার প্রদর্শনীর আয়োজন ঘোষণা উপলক্ষ্যে বাংলাদেশ কমপিউটার সমিতির সভাপতি সাজ্জাদ হোসেন, সাধারণ সম্পাদক এ, এইচ, কাফি এবং বিসিএস কমপিউটার শো চট্টগ্রাম '৯৪-এর আহ্বায়ক মোস্তাফা জব্বার এক যুক্ত বিবৃতিতে বলেন –

"আগামী ৫ ও ৬ মে, ১৯৯৪ বাংলাদেশ কমপিউটার সমিতি চট্টগ্রামে একটি কমপিউটার প্রদর্শনীর আয়োজন করছে। আমরা মনে করছি এই প্রদর্শনীটি চট্টগ্রামের জন্য একটি স্বরণীয় ঘটনা হয়ে থাকবে। চট্টগ্রামে এই প্রদর্শনীর আয়োজন করতে গিয়ে আমরা কামনা করছি বাঙালী জাতির জন্য এই নতুন শতাব্দীটি প্রযুক্তির শতাব্দী হোক। চট্টগ্রামে কমপিউটার প্রদর্শনীর আয়োজন করতে গিয়ে আমরা আমাদের জাতীয় জীবনে চট্টগ্রামের গুরুত্বকে যেমনি মনে রেখেছি তেমনি চট্টগ্রামের কমপিউটার বাজারকে সম্প্রসারণের কথাও ভেবেছি। আমাদের বিশ্বাস চট্টগ্রামবাসী স্বচক্ষে কমপিউটারের সর্বশেষ প্রযুক্তি সম্পর্কে ধারণা নিতে পারার ফলে চট্টগ্রামে কমপিউটার প্রচলন আরো ব্যাপক হবে।

আমাদের দেশে কমপিউটারের প্রচলন অনেক আগে শুরু হলেও সর্বস্তরে এর ব্যবহার এখনো ব্যাপক হয়নি। দু'য়েকটি খাত বাদে কমপিউটারের প্রচলন এখনো শৈশবাবস্থায়ই রয়েছে। বস্তুত আমরা কমপিউটার বিক্রেতারা দীর্ঘদিন যাবত নানা প্রতিকূলতার মধ্য দিয়ে দেশে কমপিউটারের ব্যাপক প্রচলনের জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। দেশে সরকারীভাবে কমপিউটার প্রচলনের জন্য কমপিউটার কাউন্সিল গঠন করা হলেও এই প্রতিষ্ঠানটি আশানুরূপ কাজ করছে না। সরকার এখনো কমপিউটার প্রচলনের জন্য সুষ্ঠু নীতিমালা গ্রহণ করেনি। দাতাদেশসমূহ ও বিভিন্ন মহলের চাপে সরকারী খাতে কমপিউটারের প্রচলনের বিভিন্ন উদ্যোগ নেয়া হলেও অনেক ক্ষেত্রেই আমলাতান্ত্রিক জটিলতার জন্য সেসব উদ্যোগ সফল হতে পারছে না। আমাদের ক্রমাগত দাবীর মুখেও এখনো কমপিউটারকে সম্পূর্ণ শুল্কমুক্ত করা হয়নি। বরং কমপিউটারের অনেক যন্ত্রাংশ আমদানীর জন্য নানা অজুহাতে বিভিন্ন উচ্চহারে শুল্ক আদায় ও হয়রানি করা হচ্ছে। কমপিউটারের সফটওয়্যারের উপর এখনো শুল্ক বিদ্যমান। কমপিউটারের আনুষঙ্গিক যন্ত্র ইউপিএস, কমপিউটার প্রিন্টারের রিবন ও টোনার এবং কমপিউটারের আরো অনেক ব্যবহার্য জিনিসের উপর উচ্চহারে শুল্ক আদায় করা হচ্ছে। দেশে কমপিউটার সফটওয়্যারের উন্নয়ন ও বিদেশে রফতানীর জন্য কপিরাইট আইন প্রনয়ন ও অবকাঠামোগত উন্নয়নের ব্যবস্থা করা হয়নি। সফটওয়্যার, ডাটা এন্ট্রি, ই-মেইল ও কমপিউটার সার্ভিসেস রপ্তানী করার বিপুল সম্ভাবনা থাকা সত্বেও সরকার অবকাঠামোগত উন্নয়ন না করার ফলে এই খাতে আমরা এগুতে পারছি না। বছরের পর বছর ধরে আমরা দেশে কমপিউটার শিক্ষার প্রসার দাবী করে আসছি। সরকার এ বছর স্কুল-কলেজ স্তরে কমপিউটার শিক্ষা প্রচলনের কথা বললেও বাস্তবে এই উদ্যোগ কতোটা সফল হবে তা বলা কঠিন। এখনো সরকারী অফিস, ব্যাংক, আদালত ও প্রশাসনের সকল পর্যায়ে কমপিউটারের প্রয়োগ শুরুই হয়নি। অথচ একমাত্র কমপিউটারের প্রচলনই আমাদের প্রশাসনকে দুর্নীতিমুক্ত, দক্ষ, সচল ও সজীব করতে পারে।

আমরা গত নভেম্বর মাসে ঢাকায় প্রথম কমপিউটার প্রদর্শনীর আয়োজন করি। সেই প্রদর্শনীতে আশাতীত সাড়া পাবার পর চট্টগ্রামে এই প্রদর্শনীর আয়োজন করা হলো। এ বছরের শেষ দিকে আমরা ঢাকায় আরো একটি প্রদর্শনীর আয়োজন করবো। এসব প্রদর্শনীর আয়োজনের লক্ষ্য একটিই– জনগণের কাছে কমপিউটার প্রযুক্তি পৌঁছে দেয়া, জনগণকে কমপিউটার সচেতন করে তোলা।

চট্টগ্রামের এই প্রদর্শনীর সাফল্য অনেকটাই নির্ভর করছে গণমাধ্যমের উপর। আমরা এ ব্যাপারে গণমাধ্যমের কাছ থেকে সর্বাত্মক সহযোগিতা পাবো বলে আশা করছি।" ✻

কমপিউটার জগৎ আপনার হাতের মুঠোয় থাকলে কমপিউটারের সমগ্র জগতটাকে আপনি জানতে পারবেন।

## সাফল্যের ধারায় Acer

(২১ নং পৃষ্ঠার পর)

**'গো' থিওরি ঃ** কমপিউটারের প্রতিযোগিতা-মূলক ব্যবসার বাজারে এসারের অবস্থান নিশ্চিত করতে স্টান শিহ্ নতুন এক থিওরির প্রবর্তন করেছেন সেটি হলো 'গো' থিওরি। এই থিওরির প্রাণ– 'প্রতিযোগিতার মাধ্যমে নিজেদের পণ্যের উন্নতি' এবং এর অন্য বৈশিষ্ট্যটি হলো মাঝখান দিয়ে শুরু না করে এক কোন থেকে শুরু করা। ধরা যাক ব্যবসার কথা– এক্ষেত্রে এসার তার যাত্রা শুরু করেছে ছোট বাজার দিয়ে তারপর পূর্ণ সামর্থ্য অর্জন শেষে বড় বাজার দখলে হাত বাড়িয়েছে।

'গো' থিওরি প্রয়োগের বেলায় দুটি বিষয়ের প্রতি সতর্ক লক্ষ্য থাকা প্রয়োজন। প্রথমতঃ কোম্পানীর অস্তিত্ব নিশ্চিত করতে হবে অতঃপর এটির বিস্তৃতিতে মনোযোগ দিতে হবে এ কারণেই দ্রুত বেড়ে উঠার মানসিকতা বিরোধী 'গো' থিওরির কৌশলগত প্রয়োগ কোম্পানীর স্থায়িত্ব নিশ্চিত করে। এ প্রসঙ্গে কোম্পানীর প্রধান নির্বাহী বলেন, 'গো থিওরি ভিত্তিক আমাদের ব্যবসায়িক দৃষ্টিভঙ্গি এমনই যে আমরা কোন ভুল সিদ্ধান্ত নিলেও তা বড় ধরনের কোন ক্ষতির কারণ হয় না অথচ দ্রুত বেড়ে উঠার মানসিকতা সম্পন্ন মার্কিন কোম্পানীগুলোর একটি ভুল পদক্ষেপ তাদের জন্য বড় ধরনের ক্ষতির কারণ হয়ে দাড়ায়।'

'গো' থিওরিকে পুঁজি করে দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় কোম্পানীকে সুসংগঠিত করছে স্টান শিহ্। যার চূড়ান্ত লক্ষ্য তথ্য প্রযুক্তির বাজারে পাকাপোক্ত শীর্ষ আসন দখল। ✻

## চট্টগ্রামবাসীদের প্রতি

চট্টগ্রামবাসী কমপিউটারকে ভালবাসেন, ভালবাসেন **কমপিউটার জগৎ**-কেও। চট্টগ্রামবাসীরা এবং চট্টগ্রামের প্রায় সকল পত্র পত্রিকা কমিউটার জগৎ– এর বিভিন্ন কার্যক্রমকে সব সময়ই ব্যাপকভাবে সমর্থন জানিয়েছেন। আপনাদের অনেক অনুরোধ সত্ত্বেও আমরা চট্টগ্রামে আমাদের কার্যক্রম প্রসারিত করতে পারিনি, সীমিত সামর্থের কারণে। আমরা অত্যন্ত আনন্দিত যে আমাদের বেশীরভাগ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে যিনি সব সময় নীরব ও সরব সমর্থন জানিয়েছেন তিনি কমপিউটারে বাংলা প্রসারের অগ্রপথিক–মোস্তাফা জব্বার। তাঁর ব্যবস্থাপনায় বিসিএস আগামী ৫ ও ৬ মে চট্টগ্রামে যে প্রদর্শনী করতে যাচ্ছে তা আপনাদের দীর্ঘদিনের আকাঙ্খা পূরণ করবে। চট্টগ্রামবাসী ও চট্টগ্রামের **কমপিউটার জগৎ**– এর পাঠক-পাঠিকা এবং কমপিউটার অনুরাগীসহ সকলকে প্রদর্শনী উপভোগ করার এবং দেশ ও বিদেশের কমপিউটার প্রযুক্তির সান্নিধ্য লাভ করার আমন্ত্রণ জানানো যাচ্ছে।

**– কমপিউটার জগৎ কর্তৃপক্ষ**